

## ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ অর্থ বছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় শুধুমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি) ফেলোশিপের আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় কেবলমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়সমূহে দেশে/বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি) ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের শর্ত, নীতিমালা ও ফরম সংশ্লিষ্ট ওয়েবসাইটে ([www.bstft.gov.bd](http://www.bstft.gov.bd) এবং [www.most.gov.bd](http://www.most.gov.bd)) সংযুক্ত।

### ১. ফেলোশিপের আওতায় গবেষণার বিষয়সমূহঃ

বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট নিম্নলিখিত ও এতদসংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে ফেলোশিপ প্রদান করা হবে:

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পাবলিক হেলথ ও প্রিভেন্টিভ মেডিসিন, জীব প্রযুক্তি ও অনুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং, ডুগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, ছালানি গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং, এক্সপ্লোরেশন অব মিনারেলস এন্ড পেট্রোলজি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।

### ২. ফেলোশিপ আবেদনকারীর যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি হতে হবে।
- (খ) কেবলমাত্র বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থী/গবেষক ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। কলা (Arts) ও বানিজ্যিক (Commerce) বিভাগের কোন শিক্ষার্থী/গবেষক আবেদনের জন্য যোগ্য হবেন না।
- (গ) আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ ও Power Point Presentation (in person অথবা ক্ষেত্র বিশেষে online) নেওয়া হবে।
- (ঘ) যে সমস্ত শিক্ষক/আবেদনকারী ইতোপূর্বে MS করেছেন, তারা ২য় বার MS কোর্সে ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন না।
- (ঙ) আবেদনকারী সরকারি চাকুরিজীবী হলে তার চাকুরি স্থায়ী হতে হবে।
- (চ) শিক্ষাগত যোগ্যতা: ফেলোশিপ-এর জন্য আবেদনকারীগণের শিক্ষাজীবনে স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে এম.এস এর ক্ষেত্রে ন্যূনতম ৩টি ১ম শ্রেণি ও পিএইচডির ক্ষেত্রে ন্যূনতম ৪টি ১ম শ্রেণি অথবা সিজিপিএ পদ্ধতিতে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.২৫ এবং ৫.০০ স্কেলে ন্যূনতম ৪.০০ থাকতে হবে। শিক্ষা বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। গবেষণার বিষয়বস্তু যদি জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উদ্ভাবনী কাজে বিশেষ অবদান রাখবে বলে বিবেচিত হয় সেক্ষেত্রে আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
- (ছ) অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না, এরূপ আবেদনকারী অনুচ্ছেদ-১ এ উল্লিখিত বিষয়ে সার্বক্ষণিকভাবে তথা পূর্ণকালীন (Full Time) অধ্যয়নরত/গবেষণারত/সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/সুপারডাইজার কর্তৃক চূড়ান্ত ডিগ্রির অফারপ্রাপ্ত হয়ে থাকলে উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।
- (জ) পিএইচডি ফেলোশিপের ক্ষেত্রে মাস্টার্স পর্যায়ে ইংরেজিতে থিসিস লেখার অভিজ্ঞতাসম্পন্ন এবং দেশি/বিদেশি জার্নালে ইংরেজিতে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

- (ঝ) আবেদনকারীর বয়স: আবেদন জমাদানের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০ বছর এবং পিএইচডি কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৫ বছর হতে হবে।
- (ঞ) বিদেশে পিএইচডি এবং এমএস কোর্সের জন্য আবেদনকারীগণের IELTS স্কোর ৬.৫০ এবং তদানুসারে TOEFL/GRE অন্য কোন স্বীকৃত স্কোর থাকতে হবে।

৩. ফেলোশিপের জন্য আবেদন জমা প্রদান পদ্ধতি:

- (ক) আবেদন ফরম সংগ্রহ ও জমাদান: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ওয়েবসাইট এবং ট্রাস্ট কার্যালয় হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়/ ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে সরাসরি ট্রাস্ট বরাবর আগামী ২৬/০৪/২০২২ তারিখের মধ্যে ফেলোশিপের জন্য আবেদন দাখিল করতে হবে। বাছাই কমিটির মাধ্যমে সরাসরি দাখিলকৃত আবেদনসমূহ হতে ফেলোশিপ প্রদানের জন্য প্রার্থী বাছাই করা হবে।
- (খ) আবেদনপত্রের সঙ্গে আবশ্যিকভাবে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবে:
- (১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কসীটের ছায়াছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
  - (২) আবেদন পত্রের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত ভর্তির অফার লেটার সংযুক্ত করতে হবে।
  - (৩) দেশে ফেলোশিপের জন্য বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউটের সংশ্লিষ্ট কোর্সে ভর্তির কাগজপত্র ও ভর্তির রশিদ। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফার লেটার প্রাথমিকভাবে বিবেচনা করা হবে। কিন্তু দ্বিতীয় কিস্তির ফেলোশিপের অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনের সাথে বিশ্ববিদ্যালয়ের ভর্তির রশিদ অবশ্যই দাখিল করতে হবে।
  - (৪) “আবেদনকারী একজন সার্বক্ষণিক তথা পূর্ণকালীন (Full Time) শিক্ষার্থী/গবেষক” এই মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রত্যয়নপত্রে বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।
  - (৫) তত্ত্বাবধায়কের প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত গবেষণা প্রস্তাবের অনুলিপি দাখিল করতে হবে। উক্ত অনুলিপিতে তত্ত্বাবধায়কের স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।
  - (৬) সকল প্রার্থীকে “অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে উক্ত শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না” মর্মে আবেদন পত্রে উল্লেখ করতে হবে।
  - (৭) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
  - (৮) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ ও পাসপোর্ট (যদি থাকে) এর কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।
  - (৯) আবেদনের খামের উপর অবশ্যই আবেদনের বিষয় (কোর্সের নাম যথা-পিএইচডি দেশে/বিদেশে, এমএস বিদেশে) উল্লেখ করতে হবে।

৪. বিবিধ:

- (ক) ফেলোশিপ সংক্রান্ত তথ্য জানতে ট্রাস্টের ওয়েব সাইটে রক্ষিত সচরাচর জিজ্ঞাসা অংশ দেখার জন্য অনুরোধ করা হলো।
- (খ) আবেদনকারী আবেদনে কোন মিথ্যা তথ্য বা কোন ধরনের জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার আবেদন/ফেলোশিপ তাৎক্ষণিকভাবে বাতিল হিসেবে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (গ) ফেলো নির্বাচনকালীন যেকোন পর্যায়ে আবেদনকারী কর্তৃক/আবেদনকারীর পক্ষে কোন ধরনের ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- (ঘ) বিস্তারিত জানতে সংশ্লিষ্ট ওয়েবসাইট ([www.bstft.gov.bd](http://www.bstft.gov.bd) এবং [www.most.gov.bd](http://www.most.gov.bd)) দেখা যেতে পারে।
- (ঙ) কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।



অনোমিত চন্দ্র দাস  
উপপরিচালক (উপসচিব)

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট

ফোন: ৯৬৭৭৪৮৫

ই-মেইল: [info@bstft.gov.bd](mailto:info@bstft.gov.bd)